বিএনপি দেশকে তালেবানি রাষ্ট্র বানাতে চায়: ড. হাছান মাহমুদ

চেম্বার ডেস্ক:: তথ্য ও সম্প্রচারমন্ত্রী এবং আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক ড. হাছান মাহমুদ বলেছেন, বিএনপি জঙ্গিগোষ্ঠীর সঙ্গে সরাসরি সম্পর্কিত। যারা এ রাজনীতি করে, তারা কখনো দেশ জাতির জন্য কল্যাণ বয়ে আনতে পারে না।

সোমবার (২৩ আগস্ট) আইভি রহমান পরিষদ আয়োজিত আওয়ামী লীগের মহিলা বিষয়ক সম্পাদক বেগম আইভি রহমানের ১৭তম মৃত্যুবার্ষিকী উপলক্ষে আয়োজিত আলোচনা সভায় তিনি এসব কথা বলেন।

হাছান মাহমুদ বলেন, ২০০১-০৬ সাল পর্যন্ত বিএনপি বাংলাদেশকে জঙ্গিদের অভয়ারণ্য বানিয়েছিল। তাদের মাধ্যমেই মূলত একুশে আগস্ট গ্রেনেড হামলা পরিচালিত হয়েছিল। তাদের (বিএনপি) মাধ্যমে বিভিন্ন জায়গায় গ্রেনেড হামলা হয়েছিল। অর্থাৎ তারা জঙ্গিগোষ্ঠীর সঙ্গে সরাসরি সম্পর্কিত। যারা এ রাজনীতি করে, তারা কখনো দেশ জাতির জন্য কল্যাণ বয়ে আনতে পারে না। আজ আমার প্রশ্ন, তারা কি দেশটাকে তালেবানি রাষ্ট্র বানাতে চায়?

তথ্যমন্ত্রী বলেন, পাকিস্তান একাত্তরের পরাজয়ের পর একটা প্রতিশোধ নেওয়ার চেষ্টায় ছিল। তারা জানত যুদ্ধ করে প্রতিশোধ নেওয়া সম্ভব নয়। তাদের চেষ্টা ছিল অন্য কীভাবে একাত্তরের পরাজয়ের প্রতিশোধ নেওয়া যায় শেখ মুজিবুর রহমানের ওপর।

তিনি বলেন, প্রতিশোধ নেওয়ার অংশ হিসেবে বঙ্গবন্ধু হত্যাকাণ্ডের পরিকল্পনা হয়। সে পরিকল্পনায় পাকিস্তানের বিশ্বস্ত জিয়াউর রহমানকে তারা পিক করেছিল। ধ্বংসের মাধ্যমেই তাদের রাজনীতি শুরু। জিয়াউর রহমানের স্ত্রী বেগম খালেদা জিয়া যখন ক্ষমতায়, তখন সরকারের পৃষ্ঠপোষকতায় হাওয়া ভবনের পরিচালনায় সেনাবাহিনী ব্যবহৃত গ্রেনেড দিয়ে একুশে আগস্ট হামলা করা হয়। তৎকালীন স্বরাষ্ট্র

প্রতিমন্ত্রী লুৎফুজ্জামান বাবর নিজের হাতে গ্রেনেড সরবরাহ করেছিলেন।

হাছান মাহমুদ বলেন, যেসব জঙ্গিগোষ্ঠী আফগান-তালেবানের সাথে সম্পর্কিত ছিল, যারা এ রাষ্ট্রকে তালেবান রাষ্ট্র বানাতে চায়, ২০০৪ সালের ২১ আগস্ট গ্রেনেড হামলার জন্য তাদেরকে কাজে লাগানো হয়েছিল। এটা করেছিল তৎকালীন বেগম খালেদা জিয়ার সরকার এবং তারেক রহমান। আজ দেখুন, তালেবান যখন কাবুল দখল করল, তখন ডা. জাফরুল্লাহ কী বললেন, তাদের কী হিসেবে অভিহিত করলেন?

সরকারের দেওয়া করোনার টিকা বিএনপি নিল কেন প্রশ্ন রেখে আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক বলেন, ফখরুল সাহেব এখন টিকা নিয়ে বিভ্রান্তি ছড়াচ্ছেন। যখন ১৩০টি দেশেও টিকা কার্যক্রম শুরু হয়নি, তখন বাংলাদেশের টিকা কার্যক্রম শুরু হয়েছে। প্রধানমন্ত্রী ঘোষণা করেছেন বাংলাদেশের ৮০ ভাগ মানুষকে টিকা দেওয়া হবে। ফখরুল সাহেব নিজেও টিকা নিয়েছেন, রিজভী সাহেব টিকা নিয়েছেন। সবাই টিকা নিয়ে আবার টিকার বিরুদ্ধে কথা বলেন। খালেদা জিয়াও ডাবল ডোজ টিকা নিয়েছেন। আপনাদের টিকা নিয়ে যদি এতই কথা থাকে, তবে আপনারা সরকারের টিকা নিলেন কেন?

তারেক জিয়াকে একুশে আগস্ট গ্রেনেড হামলার মূল পরিকল্পনাকারী উল্লেখ করে পানিসম্পদ উপমন্ত্রী এনামুল হক শামীম বলেন, বিএনপি সরকারের প্রত্যক্ষ তত্ত্বাবধানে একুশে আগস্ট গ্রেনেড হামলা করা হয়। এর পরিকল্পনা করা হয় হাওয়া ভবন থেকে, পরিকল্পনাকারী তারেক। যখনই শেখ হাসিনা আল্লাহর রহমতে বেঁচে গেলেন, সে কথা শুনে তারেক রহমান চিৎকার করে বলেন, তাহলে কীভাবে আমাদের পরিকল্পনা সাকসেস হলো। কথাগুলো বিভিন্ন পত্র-পত্রিকার মাধ্যমে আমরা জানতে পারছি।

তিনি বলেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, একুশে আগস্ট গ্রেনেড হামলার মূল পরিকল্পনাকারী তারেক রহমানসহ সবার এ বিচার করা হবে এবং। দ্রুত বিচারের রায় কার্যকর করা হবে।

আলোচনা সভায় আরও উপস্থিত ছিলেন বাংলাদেশ আওয়ামী স্বেচ্ছাসেবক

[illegible] [illegible] [illegible] [illegible] [illegible], [illegible] [illegible] [illegible]